তারিখ ... 31 AUG 19.. পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

দৈনিক বাংলা

# ঢাকা ভার্সিটিতে সংঘর্ষ ছাত্র নেতা গুলিবিদ্ধ

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল দুপুর একটায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিন এলাকায় দুটি ছাত্র সংগঠনের কর্মীদের মধ্যে গুলি বিনিময় হয় এবং এসময় জামালউদ্দীন নেপচুন নামে ছাত্র লীগের (হা-অ) একজন নেতা গুলীবিদ্ধ হন। পায়ে গুলী বিদ্ধ আহত নেপচুনকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জানা গেছে আগের সংঘর্ষের জের হিসেবে গতকাল মধুর ক্যান্টিনে একজন ছাত্রলীগ কর্মী প্রতিপক্ষ সংগঠনের কর্মীদের হাতে অপহৃত হন। এ ঘটনার পর

(৩-এর পৃঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটিতে

(১ম পৃঃ পর)

ছাত্রলীগ (হা-অ) এবং জাতীয়তাবাদী ছাত্রদলের সমর্থকদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। প্রত্যক্ষদর্শীরা জানান এসময় দুপক্ষের মধ্যে ৩/৪ রাউন্ড গুলী বিনিময় হয় এবং ছাত্রনেতা নেপচুন গুলীবিদ্ধ হন। গুলীর শব্দে ক্যাম্পাসের ছাত্র-ছাত্রীদের মধ্যে আতংক ছড়িয়ে পড়ে।

এদিকে বিকাল তিনটায় শেখ মুজিবর রহমান হল ও জিয়াউর রহমান হলের কাছে ৩ রাউন্ড গুলী বর্ষণের শব্দ শোনা যায়। প্রত্যক্ষদর্শীরা জানান একদল বহিরাগত তরুণ দু হলের মাঝের রাস্তা দিয়ে ক্যাম্পাসে প্রবেশের চেষ্টা চালালে হলের ছাত্ররা ইট-পাটকেল নিক্ষেপ করে তাদের বাধা দেয়। এসময় ৩ রাউন্ড গুলী বর্ষিত হয়। ছাত্রদের আক্রমনের মুখে পড়ে বহিরাগতরা দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে।

### ছাত্রলীগের (হা-অ) অভিযোগ

ছাত্রলীগ (হা-অ) সভাপতি হাবিবুর রহমান হাবিব এবং সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল এক বিবৃতিতে মধুর ক্যান্টিনে সংঘটিত ঘটনার জন্য জাতীয়তাবাদী ছাত্রদলকে দায়ী করে বলেছেন ছাত্রদলের জনৈক দাবী কর্মীদের বিরুদ্ধে ... হামলাতেই ছাত্রলীগ নেতা নেপচুন গুলীবিদ্ধ হয়েছেন ... ঘটনার ... শাস্তির ব্যবস্থা গ্রহণের দাবী জানান।